

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১০৩

কাঞ্চনপুর, ১৮ মার্চ, ২০২৫

জম্পুইহিলে রাজ্যভিত্তিক চাপচারকুট এবং উইন্টার ফেস্টিভেল অনুষ্ঠিত

জম্পুইহিলের ভাঙমুন মাঠে আজ রাজ্যভিত্তিক চাপচারকুট এবং উইন্টার ফেস্টিভেল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভাঙমুন বিএসি'র চেয়ারম্যান বিয়াক চুংনুংগা, কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক ড. দীপক কুমার, ভাঙমুন ব্লকের বিডিও দেবব্রত রায়, ইয়ং মিজো অ্যাসোসিয়েশনের সভাপতি এল ফিমা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা রিপণ চাকমা প্রমুখ। অনুষ্ঠানের অঙ্গ হিসেবে মিজো জনগোষ্ঠীর চিরাচরিত ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্থানীয় শিল্পীগণ ছাড়াও মিজোরাম থেকে আসা শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। ইয়ং মিজো অ্যাসোসিয়েশনের ত্রিপুরা গ্রুপ, তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং জম্পুইহিল ব্লকের সহযোগিতায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।
